

উপজেলা পরিষদ কার্যালয়

ছাতক সুনামগঞ্জ।

প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণী


সভার তারিখ	:	০৬ এপ্রিল, ২০২২ খ্রিঃ,
সময়	:	সকাল- ১০.০০ ঘটিকা
স্থান	:	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
সভাপতি	:	জনাব লিপি বেগম মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ছাতক, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানীত সদস্যগণকে স্বাগত জানান। অতপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সুপারিশমালা	বাস্তবায়নে
১	জনাব মোঃ আওলাদ হোসেন ভাতগাঁও ইউপি জানান শিক্ষার মান উন্নয়নে প্রাথমিক শিক্ষাকে বেশী করে গুরুত্ব দেওয়া দরকার। প্রাথমিক পর্যায় থেকেই একটি শিশুর ভিত্তি তৈরি হয়। তিনি প্রাথমিক শিক্ষার ফলাফল শতভাগে উন্নিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে আরও গুরুত্ব দেওয়ার অনুরোধ জানান।	আলোচনান্তে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের শতভাগ ফলাফল অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	
২	উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান ছাতক উপজেলার ইসলামপুর ইউনিয়নের গণেশপুর প্রাথমিক বিদ্যালয়ে ঝড়েপড়ার শিক্ষার্থীদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি উক্ত স্কুলে ঝরেপড়া রোধ করার জন্য স্কুলফিডিং কার্যক্রম চালু করার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান। তিনি আরও জানান উক্ত এলাকাটি খুবই দরিদ্র ক্ষুধা বঞ্চিত ও পীড়িত হওয়ায় ছাত্র/ছাত্রীরা ভাল ও পুষ্টিকর খাবার থেকে বঞ্চিত। তাই উক্ত স্কুলে ভাল ও পুষ্টিকর খাবার পরিবেশন করা গেলে ছাত্র/ছাত্রীদে পড়াশুনায় আরও অধিক মনোযোগি ও স্কুলগামী করা সম্ভব হবে।	বিস্তারিত আলোচনান্তে ইসলামপুর স্কুলে ঝড়েপড়া রোধ কল্পে স্কুল ফিডিং কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা পরিষদ সভায় অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(লিপি বেগম)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

- ১.সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
- ২.জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
- ৩.পরিচালক, স্থানীয় সরকার বিভাগ,বিভাগীয় কমিশনারের কার্যালয়,সিলেট।
- ৪.উপ-পরিচারক, স্থানীয় সরকার, শাখা,সুনামগঞ্জ।
- ৫.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।
- ৬.মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে।

- ১.উপজেলা.....,কর্মকর্তা, ছাতক, সুনামগঞ্জ।
- ২.চেয়ারম্যান,.....,ইউ/পি(সকল), ছাতক, সুনামগঞ্জ।
- ৩.জনাব,.....
- ৪.অফিস কপি



(মাসুম মিয়া)



উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভা:প্রা:)

ও

সদস্য সচিব, প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ছাতক, সুনামগঞ্জ।

০৬ এপ্রিল, ২০২২ খ্রিঃ প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম
তালিকা ও স্বাক্ষর :

স্থান :- উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, ছাতক।

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব লিপি বেগম	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ছাতক, সুনামগঞ্জ।	Cipi
০২	জনাব মোঃ আওলাদ হোসেন	ভাতগাঁও ইউনিয়ন পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।	
০৩	জনাব অদুদ আলম	চেয়ারম্যান, কালারশকা ইউনিয়ন পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।	
০৪	জনাব দেওয়ান আব্দুল খালিক পীর	চেয়ারম্যান, নোয়ারাই ইউনিয়ন পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।	
০৫	জনাব মাসুম মিঞা	উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভা:প্রাঃ) ছাতক, সুনামগঞ্জ।	